



বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন

Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain



নং-১৯.০১.৩৪০১.২০০.৩৩.০২০.২১

০৭ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

মাদ্রিদ, ৭ জুন ২০২৪ঃ মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস ৭ জুন ২০২৪ ঐতিহাসিক ৬-দফা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করে। দিবসের কর্মসূচির মধ্যে অন্যতম ছিল বাণী পাঠ, আলোচনা সভা ও মোনাজাত। বিকাল ১৬:৩০ ঘটিকায় পবিত্র কোরআন থেকে তিলওয়াতের মাধ্যমে আলোচনা সভা শুরু হয়।

আলোচনা সভায় রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি ঐতিহাসিক ৬-দফা দিবসের গুরুত্ব ও তাৎপর্যের উপর বক্তব্য উপস্থাপন করেন। শুরুতেই তিনি ৬-দফার রূপকার ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি উল্লেখ করেন বাংলাদেশের মুক্তি সংগ্রাম ও স্বাধীনতার ইতিহাসে ৬-দফার গুরুত্ব অপরিসীম। বাঙালির রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তির দাবি তথা স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে সর্বদলীয় সম্মেলনে ঐতিহাসিক ৬-দফা প্রস্তাব পেশ করেন। শাসনতান্ত্রিক কাঠামো, কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, মুদ্রানীতি, রাজস্ব ও করনীতি, বৈদেশিক বাণিজ্য ও আঞ্চলিক বাহিনী গঠনের দাবী ছিল মূলত ছয়টি দাবী যার মধ্যে নিহিত ছিল বাঙালির স্বাধীকার ও স্বায়ত্তশাসনের রূপরেখা।

তিনি আরো বলেন বঙ্গবন্ধু ও বাংলাদেশ আজ অভিন্ন সত্তায় পরিণত হয়েছে। বঙ্গবন্ধু আমাদের সবার অনুপ্রেরণার উৎস। বঙ্গবন্ধুর আজীবন লালিত স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র মুক্ত সোনার বাংলাদেশ প্রতিষ্ঠা করা। তাঁর স্বপ্ন বাস্তবায়নে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে। উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০৪১ সালের মধ্যে উন্নত, সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ'-এ পরিণত হবে, ইনশাআল্লাহ।

আলোচনা সভায় দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধে সকল শহীদের রুহের মাগফিরাত এবং দেশ ও জাতির উন্নতি ও সমৃদ্ধি কামনায় মোনাজাত করা হয়।

